

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০১৬ এর কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত সভা

প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ২১ সেপ্টেম্বর ২০১৭ সকাল ১১.০০ টায় “প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০১৬ এর কর্মপরিকল্পনা প্রণয়ন” সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি। মন্ত্রিসভা বৈঠকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০১৬ এর আলোকে একটি কর্মপরিকল্পনা প্রণয়নের সিদ্ধান্ত হয়। সে লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০১৬ এর কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত খসড়া নিয়ে সভায় আলোচনা হয়। কর্মপরিকল্পনার খসড়া চূড়ান্ত করার লক্ষ্যে একটি কমিটিও গঠন করা হয়।

প্রবাসী বাংলাদেশীদের কল্যাণ নিশ্চিত করা, বাংলাদেশী অভিবাসী কর্মীদের অসামান্য অবদান ও অধিকারে স্বীকৃতি প্রদান করা এবং বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে অভিবাসন খাতের কার্যক্রমকে অধিকতর সুষ্ঠু, স্বচ্ছ, জবাবদিহিমূলক ও গতিশীলভাবে পরিচালনার জন্য কৌশলগত দিক-নির্দেশনা প্রদানের লক্ষ্যে “প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬” প্রণয়ন করা হয়েছে। সভায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ, দপ্তর ও সংস্থার প্রধানগণ এবং আইএলও এর ন্যাশনাল প্রোগ্রাম অফিসার উপস্থিত ছিলেন।